গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০৪.২২.৪০

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

বিষয়: মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং (ডিসেম্বর,২০২২) প্রতিবেদন প্রেরণ।

২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে লক্ষ্যে মাসিকভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির ডিসেম্বর,২০২২ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

মো: মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ইমেইল: programmer@emrd.gov.bd

সংযুক্তি: ডিসেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
[দৃ: আ: যুগ্মসচিব(প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) যুগ্মসচিব(পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) পরিচালক (পিএসসি) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৬) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৭) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
৮) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৯) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) (চলতি দায়িত্ব), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১০) মহাব্যবস্থাপক (পিএন্ডডি), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন , সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১১) মহাব্যবস্থাপক, ভূতাত্ত্বিক বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১২) উপ-মহাব্যবস্থাপক ([illegible] জিলেন্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
১৩) প্রকল্প পরিচালক, 2D Seismic Survey Over Block 15 & 22 প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচার প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

১৫) প্রকল্প পরিচালক, ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬ বি সাউথ এন্ড ১০ প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১৬) উপ-মহাব্যবস্থাপক (সিএফপি এন্ড সিআরইউ লোডিং এন্ড ডেসপাচ) ও প্রকল্প পরিচালক, বিয়ানীবাজার ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১৭) উপ-মহাব্যবস্থাপক (সিএফপি এন্ড সিআরইউ মেইন্টেন্যান্স), এ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪ এর অবমুক্ত এলাকায় ৩ডি সাইসমিক জরিপ প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১৮) প্রকল্প পরিচালক, ৩-ডি সাইসমিক জরিপ ডাটা রিভিউকরণ প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১৯) ব্যবস্থাপক, কন্ট্রাক্ট বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২০) ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
২১) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২২) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

মো: মাফরুল আলম
প্রোগ্রামার

## মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য গঠিত কমিটির
## ডিসেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম মনিটরিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৭ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য কমিটি পুনর্গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী উক্ত কার্যক্রমের ওপর কমিটি প্রতিমাসে অন্তত একটিসহ ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে।

### ২। লক্ষ্যমাত্রাঃ

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর 'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' কার্যক্রমের আওতাধীন টবগী#১ অনুসন্ধান কূপের খনন ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এই কূপের ডিএসটি গত ১২ নভেম্বর, ২০২২ তারিখ সম্পন্ন হয়েছে। কূপটি বর্তমানে দৈনিক ২০ মিলিয়ন ঘনফুট উৎপাদনক্ষম করা হয়েছে। অপর লক্ষ্যমাত্রাটি অর্জনের বিষয়ে উল্লেখ্য যে, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীন কোম্পানি বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এবং সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল) কর্তৃক ১টি করে ২টি অনুসন্ধান কূপ খননের কার্যক্রম বর্তমানে চলমান আছে।

জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির কার্যপরিধির আওতায় গত ২০ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুসন্ধান কার্যক্রমের অগ্রগতি বিষয়ক একটি পর্যালোচনা সভা এ কমিটির আহ্বায়ক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব (উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। সভায় কূপের খনন কার্যক্রমের বিস্তারিত আলোচনা করা হয় এবং ড্রিলিং সংক্রান্ত একটি ভিডিও উপস্থাপনায় ড্রিলিং রিগের টপ ড্রাইভ, ক্রিসমাস, ড্রিল বিট, কেসিং, সিমেন্টেশন, ড্রিল পাইপ, সেল সেকার, মাডট্যাংঙ্ক, মাডলগিং ইউনিট, ওয়্যার লাইন লগিং, টেস্টিং কার্যক্রমসহ আরও বিভিন্ন বিষয় সম্পর্কে সভায় আলোচনা হয়।

### ৪। কূপ খননের অগ্রগতিঃ

২০২২-২৩ অর্থবছরের এপিএ'র আওতায় অপর ১টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রার বিপরীতে বর্তমানে চলমান ২টি অনুসন্ধান কূপ খননের ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমঃ | কার্যক্রম | বিবরণ |
|---|---|---|
| ১। | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপখনন | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ ৩২০০ (+১০০) মিটার গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশন করা হবে। বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিষ্কার সাপেক্ষে এ প্রকল্প হতে ৭৩.৮ বিলিয়ন ঘনফুট গ্যাস মজুদ বৃদ্ধি পাবে এবং দৈনিক গড়ে ৫-১০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদিত হবে আশা করা যায়। ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:<br><br>**ক) ভূমি অধিযাচন:** কূপ খনন এলাকার ৬.৪৯ একর ভূমি অধিযাচন করা হয়েছে। স্থানীয় সড়ক প্রশস্তকরণ ও বাঁক সরলীকরণের লক্ষ্যে ০.৬৩ একর ভূমি অধিযাচনের নিমিত্তে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিপূরণ প্রাক্কলনের কাজ চলছে।<br><br>**খ)ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ:** কূপ খনন এলাকার ভূমিউন্নয়ন, সংযোগ সড়ক নির্মাণ ও স্থানীয় সড়ক প্রশস্তকরণের কাজ সমাপ্ত হয়েছে। কূপ খনন এলাকায় রিগ ও মেশিনারি ফাউন্ডেশন, গেট ও ফেন্সিং, আবাসিক শেড, কিচেন-ডাইনিং, গোডাউন নির্মাণ ও গভীর নলকূপ স্থাপনসহ বিভিন্ন পূর্ত কাজসম্পন্ন হয়েছে।<br><br>**গ) বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি ক্রয়:** প্রকল্পের ডিপিপি'র ক্রয় পরিকল্পনা মোতাবেক বৈদেশিক মালামাল/যন্ত্রপাতির মধ্যে ১৭টি প্যাকেজ এর এলসি স্থাপন করা হয়েছে এবং অধিকাংশ মালামাল আমদানি করা হয়েছে, কিছু আইটেমের মালামাল আমদানির পর্যায়ে রয়েছে। |

| | | |
|---|---|---|
| | | **ঘ) তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়:** প্রকল্পের ডিপিপি'র ক্রয় পরিকল্পনা মোতাবেক ৫টি প্যাকেজ এর এলসি স্থাপন করা হয়েছে এবং বর্তমানে সেবা গ্রহণ করা হচ্ছে।<br><br>**ঙ) ইআইএ স্টাডি:** পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশ ছাড়পত্র সনদ ইস্যু করা হয়েছে।<br><br>**চ) রিগ-আপ ও খননকার্যক্রম:** প্রকল্প এলাকায় বিজয়-১০ রিগ-আপ সম্পন্ন শেষে গত ৫ নভেম্বর, ২০২২ তারিখ শরীয়তপুর#১ কূপ খনন শুরু করে ২০০ মিটার পর্যন্ত খননপূর্বক ৩০ ইঞ্চি ও ২০ ইঞ্চি কেসিং স্থাপন সম্পন্ন হয়েছে। পরবর্তীতে ১৭$^{১}/_{২}$সেকশনে ১০৮৫ মিটার গভীরতা পর্যন্ত খনন শেষে ওয়্যারলাইন লগিং, ১৩$^{৩}/_{৮}$ ইঞ্চি কেসিং স্থাপন ও সিমেন্টেশন সম্পন্ন হয়েছে। বর্তমানে পরবর্তী সেকশনে খনন কাজ চলমান রয়েছে, ডিসেম্বর, ২০২২ পর্যন্ত খনন অগ্রগতি ১৪২৪ মিটার। |
| ২। | কৈলাশটিলা# ৮ অনুসন্ধান কূপ খনন | সিলেটের গোলাপগঞ্জস্থ কৈলাশটিলা স্ট্রাকচারে ২৫০০ (+৫০) মিটার গভীরতায় ১টি অনুসন্ধান কূপ খনন করা হবে। জুন, ২০২৩ এর মধ্যে মূল খনন কাজ শুরুর লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**ক) ভূমি অধিগ্রহণ:** সিলেট জেলা প্রশাসক অফিস কর্তৃক ৬.৫৮ একর জমি হস্তান্তর করা হয়েছে।<br><br>**খ) ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ:** খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে ভূমি উন্নয়ন, এইচবিবি রোড নির্মাণ এবং বক্স কালভার্ট নির্মাণের জন্য নির্বাচিত ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। গত ০৪/৮/২০২২ তারিখ হতে প্যালিসাইডিং এর মাধ্যমে ভূমি উন্নয়নের কাজ শুরু হলেও রাস্তার কিছু অংশসহ মূলভূমিতে পানি থাকায় মাটি ভরাটের কাজ যথাসময়ে শুরু করা যায়নি। বর্তমানে পূর্ণমাত্রায় মাটি ভরাটের কাজ শুরু হয়েছে। ভূমি উন্নয়নের পাশাপাশি যুগপৎভাবে রিগ ফাউন্ডেশন ও অন্যান্য পূর্তকাজের সমন্বয় করে নির্ধারিত সময়ে খনন কাজ শুরু করার জন্য প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ৪০% শতাংশ।<br><br>**গ) বৈদেশিক পরামর্শক সেবা:** বাপেক্স কর্তৃক জিটিও প্রস্তুত সম্পন্ন হয়েছে। বৈদেশিক পরামর্শক সেবা সংগ্রহের লক্ষ্যে নির্বাচিত প্রতিষ্ঠান M/s. Rich Spread Group Limited, China এর সাথে চূড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। খনন কাজ শুরু হলে পরামর্শক সেবা প্রদান করবে। ঠিকাদার প্রতিষ্ঠানের অনুকূলের এলসি খোলা হয়েছে।<br><br>**ঘ) মালামাল ক্রয় ও তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা:** দুই লট খনন মালামাল সরবরাহের জন্য নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। খনন মালামালের উদ্ধৃত মূল্য প্রাক্কলিত মূল্য অপেক্ষা বেশি হওয়ায় প্রশাসনিক মন্ত্রণালয়ে অনুমোদনাধীন আছে। শীঘ্রই চূড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হবে আশা করা যায়। অপরদিকে, ৬টি তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। মালামাল ক্রয়ের নিমিত্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে এলসি খোলা হয়েছে। তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা গ্রহনের নিমিত্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে এলসি খোলার জন্য ব্যাংককে চিঠি দেওয়া হয়েছে।<br><br>**ঙ) ড্রিলিং অপারেশন:** খনন অপারেশনসহ মাড ইঞ্জিনিয়ারিং ও মাড লগিং সার্ভিস, টেস্টিং সার্ভিসসহ স্লিক লাইন ইউনিট ভাড়ায়প্রদান বিষয়ে গত ১৪/১২/২০২১ তারিখ বাপেক্সের সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। সিসিজিপি'র অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত চুক্তি স্বাক্ষর করা হবে। জুন ২০২৩ মাসে ড্রিলিং অপারেশন শুরু করা হবে।<br><br>**চ) ইআইএ:** পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশ ছাড়পত্র পাওয়া গিয়েছে। EQMS Consulting Ltd. কে বিল পরিশোধ করা হয়েছে। |

**৪। সিদ্ধান্ত/সুপারিশঃ**

(ক) বর্তমান গ্যাস ঘাটতি মোকাবেলা ও ভবিষ্যতের জ্বালানি চাহিদা মেটাতে পেট্রোবাংলাকে দেশে আরও নতুন নতুন অনুসন্ধান কূপ খননের উদ্যোগ গ্রহণ করতে হবে;

(খ) কোন ধরণের অনাকাঙ্খিত ঘটনা যেন না ঘটে বাপেক্স সে বিষয়ে সচেতন থেকে যথাযথ নিয়ম অনুসরণ করে সাবধানতার সাথে শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ খনন কার্যক্রম সম্পন্নের প্রচেষ্টা অব্যাহত রাখবে;

(গ) ভূমি উন্নয়নসহ আনুষঙ্গিক কার্যক্রম দ্রুত শেষ করে কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপের মূল খনন শুরুর লক্ষ্যে সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল)-কে আরও তৎপর হতে হবে।

০৫/০১/২৬

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৫/০১/২০২৬

এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স)
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

০৫.০১.২০২৬

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব (প্রশাসন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৫/১/২৬

শাহিনা খাতুন
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি